দৈনিক ইত্তেফাক

তারিখ 09 NOV 1992
পৃষ্ঠা 2 কলাম 7

10

## ডিগ্রীর ফলাফল প্রসঙ্গে

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে ১৯৯১ সালের ডিগ্রী পরীক্ষা দেড় বৎসর বিলম্বে ১৯৯২ সালের মে মাসে অনুষ্ঠিত হয়। কিন্তু দীর্ঘ পাঁচ মাস অতিবাহিত হওয়ার পরও ফল প্রকাশের কোন সম্ভাবনাই দেখা যাইতেছে না। এদিকে কর্তৃপক্ষ ১৯৯২ সালের ডিগ্রী পরীক্ষার তারিখ ঘোষণা করিয়াছেন। এমতাবস্থায় একজন অকৃতকার্য ছাত্রের পক্ষে পরবর্তী ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করা কি সম্ভব? তাহাছাড়া যেসব ছাত্র-ছাত্রী রেফার্ড পাইবেন তাঁহাদেরইবা কি অবস্থা হইবে? আমরা অবিলম্বে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ১৯৯১ সালের ডিগ্রী পরীক্ষার ফল প্রকাশের আবেদন জানাইতেছি।

—রাসেল, কামাল, সাজ্জাদ, জয়, সুমেল, মিঠু, লাল্টু, রাশেদ, শানু, সুধি, কাঁকন, রাজ ও মুকুল, সরকারী বি,এল, কলেজ, দৌলতপুর, খুলনা।